সাবেক এমপি দম্পতির ছেলে ফেনসিডিলসহ গ্রেফতার

বগুড়ায় আওয়ামী লীগ দলীয় সাবেক সাংসদ মোস্তাফিজার রহমান পোটল ও বগুড়া-জয়পুরহাটের সাবেক সংরক্ষিত আসনের সাংসদ কামরুন নাহার পুতুলের ছেলে রাহিদ মোস্তাফিজকে (৪৫) ফেনডিসডিলসহ গ্রেফতার করা হয়েছে।

শুক্রবার রাতে গোয়েন্দা পুলিশ (ডিবি) পুলিশ তাকে শহরের কালিতলা এলাকার বাসা থেকে গ্রেফতার করে। এসময় তার ঘরে তল্লাশি চালিয়ে একটি ব্যাগে রাখা ৫৫ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।

শনিবার দুপুরে গ্রেফতারকরা রাহিদ মোস্তাফিজকে আদালতে সোপর্দ করা হয়েছে। এ ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে এসআই ওয়াদুদ বাদী হয়ে সদর থানায় একটি মামলা দায়ের করেছেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই আব্দুল ওয়াদুদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার রাতে বগুড়া শহরের কালিতলায় রাহিদের বাসায় অভিযান চালিয়ে একটি কালো ব্যাগ থেকে ৫৫ বোতল ফেনসিডিল এবং ফেন্সিডিল বিক্রির নগদ ৪৭ হাজার টাকাসহ তাকে গ্রেফতার করা হয়।

ডিবির ওসি আসলাম আলী জানান রাহিদ দীর্ঘদিন থেকে ফেনসিডিল সেবন ও বিক্রি করে আসছিলেন এমন খবর পেয়ে তার বাড়িতে অভিযান চালানো হয়। গ্রেফতারে পর ফেনসিডিল বিক্রি ও সেবনের কথা প্রাথমিকভাবে স্বীকার করেছেন রাহিদ।